**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১৩ আগস্ট ২০১৫, ২৯ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গণতন্ত্র খুঁজে পাচ্ছেন না সামরিক শাসকদের পরামর্শকরা : প্রধানমন্ত্রী

২। সয়াবিন, পেঁয়াজ, রসুন রপ্তানিতে নিষেধাজ্ঞা : নতুন রপ্তানি নীতি

৩। এমন কোনো কাজ করবেন না যাতে ষড়যন্ত্রকারীরা সুযোগ পায় : বাণিজ্যমন্ত্রী

৪। ৭২ ঘণ্টার মধ্যে রাজন হত্যা মামলার চার্জশিট : আইনমন্ত্রী

৫। রাজনৈতিক কারণে জিএসপি বাতিল হয়নি : মার্কিন রাষ্ট্রদূত
-পোশাক কারখানা পরিদর্শনে ১০ রাষ্ট্রদূত

৬। মন্ত্রী, শিক্ষক ও ব্লগারসহ ২০ জনকে হত্যার হুমকি জঙ্গিদের

৭। গ্রামগঞ্জে এটিএম কার্ড চালুর আহ্বান : আন্তঃব্যাংক পস লেনদেনের উদ্বোধনকালে গভর্নর

৮। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু ২২ নভেম্বর

৯। সিলেটে ছাত্রলীগে কোন্দল : ছুরিকাঘাতে কর্মীর মৃত্যু

১০। অবশেষে ২৮শ’ ভুয়া ও অবৈধ সিম্যান আইডি বাতিল
: পররাষ্ট্র মন্ত্রণালয়ের কঠোর পদক্ষেপ

১১। প্রধানমন্ত্রীকে নিয়ে বিরূপ মন্তব্য করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষকের ৩ বছরের কারাদণ্ড

চলমান পাতা/২

১। গণতন্ত্র খুঁজে পাচ্ছেন না সামরিক শাসকদের পরামর্শকরা : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যারা দেশে গণতন্ত্র নেই বলছেন, তাদের অনেকেই অতীতে উর্দি পরা সামরিক শাসকের পরামর্শক ছিলেন। অবাধ তথ্য প্রবাহের সুযোগ নিয়ে সামরিক শাসনের এসব সুবিধা ভোগীরা এখন দেশে গণতন্ত্রের শিক্ষা দিচ্ছেন। যেসব বিকৃত তথ্য সমাজের ক্ষতি করে, মানুষকে বিভ্রান্ত করে তা বন্ধ করতে তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ দেন। গতকাল ১২ আগস্ট বুধবার সার্কিট হাউজ রোডে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রাঙ্গণে তথ্য ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

২। সয়াবিন, পেঁয়াজ, রসুন রপ্তানিতে নিষেধাজ্ঞা : নতুন রপ্তানি নীতি

সয়াবিন তেল, পেঁয়াজ, রসুনের মতো নিত্যপণ্য রপ্তানিতে নিষেধাজ্ঞা দিয়ে তিন বছর মেয়াদি রপ্তানি উন্নয়ন নীতি অনুমোদন করেছে সরকার। সয়াবিন, পেঁয়াজ, রসুনের সঙ্গে পাম তেল, আদা, পাট বীজও রপ্তানি করা যাবে না। চাহিদা মেটাতে এসব পণ্যের অনেকটাই আমদানি করতে হয় বাংলাদেশকে। আগ্নেয়াস্ত্র, গোলাবারুদের সঙ্গে পুরাতাত্ত্বিক দুর্লভ বস্তু রপ্তানিতে নিষেধাজ্ঞা রাখা হয়েছে নীতিতে। সচিবালয়ে মন্ত্রিসভা কক্ষে গতকাল ১২ আগস্ট বুধবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় রপ্তানি নীতি ২০১৫-১৮ অনুমোদন দেওয়া হয়। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২)।

৩। এমন কোনো কাজ করবেন না যাতে ষড়যন্ত্রকারীরা সুযোগ পায় : বাণিজ্যমন্ত্রী

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সরকারের ভাবমূর্তি নষ্ট হয় এমন বিতর্কিত কাজ না করতে যুবলীগ নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, এমন কোনো কর্মকাণ্ড করবেন না, যাতে ষড়যন্ত্রকারীরা সুযোগ পেয়ে যায়। সরকারের উন্নয়ন কর্মকাণ্ড কলঙ্কিত না হয়। ষড়যন্ত্র হবে, ষড়যন্ত্র অতীতেও হয়েছিল। কিন্তু নেতাকর্মীরা ঐক্যবদ্ধ থাকলে কেউ কোনো কিছু করতে পারবে না। গতকাল ১২ আগস্ট বুধবার রাজধানীর মহানগর নাট্যমঞ্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে যুবলীগ আয়োজিত এক আলোচনা সভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.১৯,ক.৪)।

৪। ৭২ ঘণ্টার মধ্যে রাজন হত্যা মামলার চার্জশিট : আইনমন্ত্রী

সিলেটের চাঞ্চল্যকর শিশু সামিউল আলম রাজন হত্যা মামলার চার্জশিট আগামী ৭২ ঘণ্টার মধ্যে দেওয়া হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। তিনি বলেন, চার্জ দাখিলের পর এ হত্যাকাণ্ডের অন্যতম অভিযুক্ত পলাতক আসামি কামরুল ইসলামকে দেশে ফিরিয়ে আনায় আর কোনো আইনগত বাধা থাকবে না। একই সঙ্গে বিচার প্রক্রিয়া শুরু করতেও সমস্যা হবে না। গতকাল ১২ আগস্ট বুধবার রাজধানীর একটি হোটেলে হালনাগাদ 'রেজিস্ট্রেশন ম্যানুয়াল-২০১৪' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৫), সমকাল (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬)।

৫। রাজনৈতিক কারণে জিএসপি বাতিল হয়নি : মার্কিন রাষ্ট্রদূত

-পোশাক কারখানা পরিদর্শনে ১০ রাষ্ট্রদূত

রাজনৈতিক কারণে বাংলাদেশের জিএসপি (অগ্রাধিকার বাণিজ্য সুবিধা) বাতিল করা হয়নি। তেমনিভাবে তা ফিরিয়ে না দেওয়ার ক্ষেত্রেও রাজনৈতিক কারণ নেই। জিএসপি পেতে ১৬টি শর্ত দেওয়া হয়েছিল। তা পূরণ করতে পারেনি বলেই এ সুবিধা ফিরিয়ে দেওয়া হয়নি। মার্কিন রাষ্ট্রদূত মার্শিয়া স্টিফেন ব্লুম বার্নিকাট গতকাল ১২ আগস্ট বুধবার গাজীপুরে পোশাক কারখানা পরিদর্শন শেষে এ কথা বলেছেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

৬। মন্ত্রী, শিক্ষক ও ব্লগারসহ ২০ জনকে হত্যার হুমকি জঙ্গিদের

আবারো সরকারের মন্ত্রী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংস্কৃতিক কর্মী, গণজাগরণ মঞ্চের সংগঠক ও ব্লগারসহ ২০ জনকে হত্যার হুমকি দিয়েছে 'ইত্তেহাদুল মুজাহিদিন' নামের একটি সংগঠন। গতকাল ১২ আগস্ট বুধবার একটি অনলাইন পত্রিকায় এ সংক্রান্ত একটি চিঠি পাঠানো হয়। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৬), সমকাল (পৃ.১,ক.৬)।

৭। গ্রামগঞ্জে এটিএম কার্ড চালুর আহ্বান : আন্তঃব্যাংক পস লেনদেনের উদ্বোধনকালে গভর্নর

ক্যাশবিহীন কেনাকাটা করতে ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশের (এনপিএসবি) আওতায় আন্তঃব্যাংক পয়েন্ট অব সেল (পস) লেনদেন কার্যক্রম শুরু হয়েছে। গতকাল ১২ আগস্ট বুধবার বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম মিলনায়তনে এ কার্যক্রমের উদ্বোধন করেন গভর্নর ড. আতিউর রহমান। এ সময় তিনি ক্যাশবিহীন লেনদেন

কার্যক্রমের প্রসার ঘটাতে ব্যাংকগুলোকে গ্রামগঞ্জে অটোমেটেড টেলার মেশিন (এটিএম) কার্ড (ডেবিট-ক্রেডিট) চালু করার আহ্বান জানান। গভর্নর বলেন, দশ টাকার হিসাবধারী ও স্কুল ব্যাংকিং হিসাবধারীরাও যেন এ কার্ড দিয়ে কেনাকাটার সুযোগ পায় সে ব্যবস্থা করতে হবে। এর ফলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়বে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৭), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৮)।

৮। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু ২২ নভেম্বর

চলতি বছর প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আগামী ২২ নভেম্বর। চলবে ২৯ নভেম্বর পর্যন্ত। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা গতকাল ১২ আগস্ট বুধবার সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, সূচি অনুযায়ী প্রতিদিন সকাল ১১টা থেকে দেড়টা পর্যন্ত পরীক্ষা চলবে। পরীক্ষার ফি ঠিক করা হয়েছে ৬০ টাকা। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.২)।

৯। সিলেটে ছাত্রলীগে কোন্দল : ছুরিকাঘাতে কর্মীর মৃত্যু

সিলেটের মদন মোহন কলেজে ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলে ছুরিকাঘাতে আব্দুল আলী আলীম নামে এক কর্মীর মৃত্যু হয়েছে। আলীম দ্বাদশ শ্রেণির ছাত্র ছিলেন। ঘটনার পর প্রধান অভিযুক্ত প্রনেনজিত ও রাহুল নামের অপর একজনকে গ্রেফতার করেছে পুলিশ। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। অবশেষে ২৮শ’ ভুয়া ও অবৈধ সিম্যান আইডি বাতিল : পররাষ্ট্র মন্ত্রণালয়ের কঠোর পদক্ষেপ

দীর্ঘ দশ বছর পর পররাষ্ট্র মন্ত্রণালয়ের কঠোর পদক্ষেপে একযোগে ২৮শ’ সিম্যান আইডি (আইডেন্টিটি ডকুমেন্ট) বাতিল ঘোষণা করা হয়েছে। এর পাশাপাশি এ জাতীয় সিম্যান আইডির পরবর্তী ভেরিফিকেশন কার্যক্রমও বাতিল করে দেওয়া হয়েছে। গত ১১ আগস্ট মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নৌ, প্রবাসী কল্যাণ মন্ত্রীর উপস্থিতিতে উচ্চ পর্যায়ের বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর ফলে নৌপরিবহণ মন্ত্রণালয়ের অধীন ডিজি শিপিং অফিস থেকে ভুয়া ও অবৈধ সিম্যান আইডি ইস্যুর অপকর্মের একটি অধ্যায়ের অবসান ঘটেছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ., ক.৪)।

১১। প্রধানমন্ত্রীকে নিয়ে বিরূপ মন্তব্য করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষকের ৩ বছরের কারাদণ্ড

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে বিরূপ মন্তব্য করার দায়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মুহাম্মদ রুহুল আমীন খন্দকারকে তিন বছরের সশ্রম কারাদণ্ডের পাশাপাশি ১০ হাজার টাকা জরিমানা করেছে আদালত। জরিমানার টাকা দিতে ব্যর্থ হলে তাকে আরো ৬ মাসের জেল দেওয়া হয়েছে। গতকাল ১২ আগস্ট বুধবার ঢাকার জ্যেষ্ঠ বিচারিক হাকিম নাজমুল হক শ্যামল চার বছর আগে করা এ মামলার রায় ঘোষণা করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : মন্ত্রিসভার বৈঠকে প্রতারণা ও জালিয়াতির মামলা আবারও পুলিশের কাছে ফিরিয়ে দেওয়ার যে সিদ্ধান্ত হয়েছে তা ভালো উদ্যোগ উল্লেখ করে এ সংশোধনীর কারণে পুলিশ যাতে তা হয়রানি করার হাতিয়ার হিসেবে না নেয় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, প্রথম আলো : বাস ছাড়তে দেরি হওয়ায় রাজধানীতে সায়েদাবাদ বাসস্ট্যাণ্ডে চালককে পিটিয়ে হত্যার মতো নৃশংস ঘটনায় উদ্বেগ প্রকাশ করে নানা অনিয়মের কারণে গণপরিবহণের এ ধরনের অস্থিরতা ও অসহিষ্ণুতা দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : ছাত্র রাজনীতি হতে হবে সাধারণ ছাত্রছাত্রীর অধিকার আদায়ের রাজনীতি বলে মন্তব্য;

ঘ. সংবাদ : টানা বর্ষণ ও জোয়ারের পানিতে দেশে ভোগ্যপণ্যের সবচেয়ে বড় ও পুরনো পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে জলাবদ্ধতার কারণে লোকসানের সম্মুখীন হচ্ছেন ব্যবসায়ীরা উল্লেখ করে জলাবদ্ধতা নিরসনে চট্টগ্রামের মেয়রকে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. সমকাল : রাজধানীসহ সারাদেশে বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে কোটি কোটি টাকা মূল্যের অকেজো যন্ত্রপাতি শুধু হাসপাতালের শোভাবর্ধনে ব্যবহৃত হওয়ার খবরে নিন্দা জানিয়ে এসব অকেজো যন্ত্রপাতি সরবরাহে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. ডেইলি স্টার, নিউজ টুডে : মালয়েশিয়ার বিজনেস পদ্ধতিতে নতুন করে ১.৫ মিলিয়ন বাংলাদেশি শ্রমিক নেওয়ার ঘোষণার উল্লেখ করে শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর মনিটরিং ব্যবস্থা জোরদার করার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : অতিরিক্ত ওজনের স্কুল ব্যাগ বহনের সময় স্কুল শিক্ষার্থীদের শারীরিক কষ্টের চিত্র তুলে ধরে স্কুল কর্তৃপক্ষ সুশীল সমাজ ও সংশ্লিষ্ট অন্যান্যদের এ বিষয়ে সমাধানযোগ্য পদক্ষেপ নিতে এগিয়ে আসার সুপারিশ;

জ. ডেইলি সান : নিষিদ্ধ ১৬ কোম্পানির প্যারাসিটামল এখনও বাজারে বিদ্যমান থাকায় তা স্বাস্থ্যের প্রতি

হুমকির পরিপ্রেক্ষিতে ওষুধ প্রশাসনকে এ ব্যাপারে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঝ. নিউ এজ : আসন্ন ঈদুল আযহার পূর্বে গার্মেন্টস শ্রমিকদের উৎসব বোনাস দেওয়ার সুনির্দিষ্ট কাঠামো গঠন করতে শ্রম মন্ত্রণালয়ের প্রতি বিকেএমইএ-এর প্রেসিডেন্টের পদক্ষেপকে স্বাগত জানিয়ে এ বিষয়ে কার্যকর হস্তক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে বাঙালির ঐতিহাসিক বিবর্তন ধারায় একটি ভৌগোলিক সীমারেখায় স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে শেখ মুজিবুর রহমানের জীবন ও রাজনীতি ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও মুক্তিযুদ্ধের চেতনা' শিরোনামের নিবন্ধে তিতান মোহাম্মদ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী আমাদের অংশ হওয়ায় তাদের ভাষা-সংস্কৃতি ও মর্যাদা রক্ষার বিষয়টি কখনই উপেক্ষিত হওয়ার নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা